বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Web:mcpmp.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.৩০৫ তারিখ: ১৭/১০/২০২২ খ্রিঃ।

বিষয়: প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অপেক্ষা ঋণ আদায় কম হওয়ায় এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পাওয়ায় সেবামূল্য স্থগিত পূর্বক চূড়ান্ত সতর্কীকরণ।

সূত্র: স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.২৬৫ তারিখ: ২৮/০৮/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের প্রধান কর্ম অঙ্গ হচ্ছে ঋণ বিতরণ ও আদায়। সূত্রোস্থ স্মারক মূলে প্রকল্পের প্রত্যেক মাঠ সংগঠককে প্রতি সপ্তাহে ৫০,০০০/- টাকা হিসেবে মাসে কমপক্ষে ২,০০,০০০/- থেকে ২,৫০,০০০/- টাকা এবং বছরে কমপক্ষে ২৬,০০,০০০/- টাকা ঋণ আদায় নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়। কিন্তু বিগত সেপ্টেম্বর, ২০২২ মাসের প্রকল্পের অনলাইন রিপোর্ট পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পভূক্ত ৩০ (ত্রিশ) টি উপজেলায় (সংযুক্ত: তালিকা-১) মাসে ঋণ আদায় ১,০০,০০০/- টাকার কম এবং চলতি অর্থ বছরেও ঋণ আদায় ২,৫০,০০০/- টাকার কম; যা একজন মাঠ সংগঠকের দায়িত্বের চরম অবহেলা ও উদাসিনতার পরিচয় বহন করে। এহেন পরিস্থিতিতে সংশ্লিষ্ট মাঠ সংগঠকের সেপ্টেম্বর, ২০২২ মাসের সেবামূল্য বিল স্থগিত রাখা হলো।

অপরদিকে, প্রকল্পের অনলাইন রিপোর্ট পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের আওতাধীন ০২ (দুই) টি উপজেলায় (সংযুক্ত: তালিকা-২) জুন, ২০২২ মাসের তুলনায় সেপ্টেম্বর, ২০২২ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী ৫.০০ লক্ষ টাকার অধিক বৃদ্ধি পেয়েছে; যা কোন ভাবেই কাম্য নয়। আর এ কারণে সংশ্লিষ্ট মাঠ সংগঠকের সেপ্টেম্বর, ২০২২ মাসের সেবামূল্য বিল স্থগিত রাখা হলো।

এমতাবস্থায়, সূত্রোস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক আগামী অক্টোবর, ২০২২ মাসে নির্ধারিত পরিমাণ ঋণ আদায় না হলে এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী যৌক্তিক পর্যায়ে হ্রাস না হলে সংশ্লিষ্ট মাঠ সংগঠকের বিরূদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য (তথা চাকুরি হতে অব্যাহতির জন্য) প্রকল্পে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হবে।

বিষয়টির গুরুত্বানুধাবনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মাঠ সংগঠকগণকে চূড়ান্তভাবে সতর্ক করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে তালিকা ০১ (এক) প্রস্থ।

১৭/১০/২২
(মোঃ আব্দুর রশিদ খান)
উপপ্রকল্প পরিচালক
ফোন:-০২ ৫৫০১২০৩৪।
E-mail: dpdmcpmp@gmail.com

প্রাপক:
মাঠ সংগঠক (তালিকায় উল্লিখিত ৩২ জন)
'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের
অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি'
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
............উপজেলা, ................ জেলা।

অনুলিপি:
১। উপপরিচালক, বিআরডিবি, .................................. জেলা (সংশ্লিষ্ট)।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, .......................... উপজেলা (সংশ্লিষ্ট)।
৩। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি', বিআরডিবি, .......... উপঅঞ্চল।
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
৫। প্রোপাইটার, মেসার্স হোসনেআরা এন্টারপ্রাইজ, রোড#২৩/বি, বাড়ি#১৭৫, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৬। অফিস নথি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)

পল্লী ভবন (৭ম তলা)

৫ কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

তালিকা- ১

| ক্র. নং | মাঠ সংগঠকের নাম | উপজেলার নাম | জেলার নাম | ঋণ আদায় (লক্ষ টাকায়) | | মন্তব্য. |
|---|---|---|---|---|---|---|
| | | | | সেপ্টেম্বর,২২ মাসে | চলতি অর্থবছরে | |
| ১ | মোঃ আব্দুল মতিন | পাঁচবিবি | জয়পুরহাট | ০.৫৬ | ০.৭৬ | |
| ২ | মারুফ হোসাইন | গৌরীপুর | ময়মনসিংহ | ০.৩৮ | ১.০৩ | |
| ৩ | রাসেল খান | চাঁদপুর সদর | চাঁদপুর | ০.১৮ | ১.০৭ | |
| ৪ | পূর্নিমা রানী বিশ্বাস | নড়াইল সদর | নড়াইল | ০.৪২ | ১.১২ | |
| ৫ | মোঃ মাজিদুল ইসলাম | কাপাসিয়া | গাজীপুর | ০.৬৪৩ | ১.১৫৮ | |
| ৬ | মোঃ সাজেদুল ইসলাম | জলঢাকা | নীলফামারী | ০.৪৯ | ১.১৯ | |
| ৭ | মারুফ হাসান | সাতকানিয়া | চট্টগ্রাম | ০.২৮ | ১.৩৬ | |
| ৮ | মোঃ নাজমুল ইসলাম | আটপাড়া | নেত্রকোনা | ০.৬৮ | ১.৩৭ | |
| ৯ | মোঃ মিঠুন মিয়া | রূপগঞ্জ | নারায়ণগঞ্জ | ০.৬৫ | ১.৪১ | |
| ১০ | রিপন্না রানী রায় | বোদা | পঞ্চগড় | ০.৫৩ | ১.৪৮ | |
| ১১ | মোঃ রাজু মিয়া | দোহার | ঢাকা | ০.৮২ | ১.৫০ | |
| ১২ | মোঃ শাহীনুর ইসলাম | পলাশ | নরসিংদী | ০.৮৩ | ১.৫৩ | |
| ১৩ | মোঃ সোহেল রানা (সাইফু | পীরগাছা | রংপুর | ০.৬২ | ১.৫৭৭ | |
| ১৪ | অচিন্ত কুমার দাস | কোটালিপাড়া | গোপালগঞ্জ | ০.৭৭ | ১.৬২ | |
| ১৫ | মোঃ মহসীন আলী | চুনারুঘাট | হবিগঞ্জ | ০.৪৬ | ১.৬৭ | |
| ১৬ | পলাশ কুমার | শ্রীপুর | গাজীপুর | ০.৬৭ | ১.৭১ | |
| ১৭ | মোখলেছুর রহমান | শাহরাস্তি | চাঁদপুর | ০.৫ | ২.০০ | |
| ১৮ | অঞ্জনা কর্মকার | মোহনপুর | রাজশাহী | ০.৬৮ | ২.০২ | |
| ১৯ | মোঃ মোকেদুল ইসলাম | চকরিয়া | কক্সবাজার | ০.৬ | ২.০৩ | |
| ২০ | মোঃ মুরাদ আলী | মুন্সীগঞ্জ সদর | মুন্সীগঞ্জ | ০.১১ | ২.০৪ | |
| ২১ | আনোয়ার হোসেন | জৈন্তাপুর | সিলেট | ০.৬৯ | ২.০৯ | |
| ২২ | সাইফুল ইসলাম | নোয়াখালী সদর | নোয়াখালী | ০.৮৬ | ২.১১ | |
| ২৩ | মোঃ হাসানুল ইসলাম | সাটুরিয়া | মানিকগঞ্জ | ০.৭ | ২.১৫ | |
| ২৪ | আজিজুল হক | নড়িয়া | শরিয়তপুর | ০.৭৯৭ | ২.১৯৮ | |
| ২৫ | রোকনুজ্জামান | তিতাস | কুমিল্লা | ০.৩৪ | ২.২২ | |
| ২৬ | মোঃ শামিম রেজা | মাধবপুর | হবিগঞ্জ | ০.৬৯ | ২.২৬ | |
| ২৭ | মোঃ আনারুল ইসলাম | মেলান্দহ | জামালপুর | ০.৭২ | ২.৩১ | |
| ২৮ | মোঃ মহসিন তালুকদার | ফুলবাড়ীয়া | ময়মনসিংহ | ০.৮৭ | ২.৩২ | |
| ২৯ | মোঃ শাহজাহান শাহ্ | বরুড়া | কুমিল্লা | ০.৫৯ | ২.৩৬ | |
| ৩০ | মোঃ আবুল মুনছুর | কটিয়াদী | কিশোরগঞ্জ | ০.৮১ | ২.৪৮ | |

তালিকা- ২

| ক্র. নং | মাঠ সংগঠকের নাম | উপজেলার নাম | জেলার নাম | মেয়াদোত্তীর্ণ খেলাপী স্থিতি(লক্ষ টাকায়) | | খেলাপী বৃদ্ধি (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| | | | | জুন,২২ মাসে | সেপ্টেম্বর,২২ মাসে | |
| ১ | মোঃ শাহিন আলী | গোলাপগঞ্জ | সিলেট | ১.৮০ | ৭.৪১ | ৫.৬১ |
| ২ | নূর কুতুবুল আলম | শিবচর | মাদারীপুর | ১.৩৫৯ | ৬.৪৯২ | ৫.১৩ |

১৭/১০/২০২২

আবু নাসের মুহাম্মদ জাহাঙ্গীর আলম
সহকারী পরিচালক
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী
বিআরডিবি, ঢাকা।

১৭/১০/22

মোঃ আব্দুর রশিদ খান
উপ প্রকল্প পরিচালক
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী
বিআরডিবি, ঢাকা।